সুইসাইড নোটে কী লিখে গেছেন গীতিকার রাসেল

চেম্বার ডেস্ক::

নিজ বাসা থেকে জনপ্রিয় গীতিকার মেহবুবুল হাসান রাসেলের ঝুলন্ত লাশ উদ্ধার করেছে পুলিশ।

শুক্রবার এ ঘটনার বর্ণনায় ঢাকা মহানগর পুলিশের তেজগাঁও শিল্পাঞ্চল জোনের অতিরিক্ত উপকমিশনার (এডিসি) হাফিজ আল ফারুক জানান, রাসেলকে ফ্যানের সঙ্গে ঝুলন্ত অবস্থায় পায় পুলিশ। পাশে ছিল একটা সুইসাইড নোট।

এতে লেখা রয়েছে, ‘আমার মৃত্যুর জন্য কেহ দায়ী নয়। অতিস্বেচ্ছায় আত্মহনন করলাম। এর সাথে কাউকেই জড়িত করা যাবে না। এবং আমার মরদেহের কোনো পোস্টমর্টেম হবে না। ’

হাতের এই লেখা রাসেলের বলে প্রাথমিকভাবে নিশ্চিত করেছেন তার পরিজন ও বন্ধুরা। তবে এ বিষয়টি তদন্ত করে দেখা হবে বলে পুলিশ জানিয়েছে।

পুলিশ প্রাথমিকভাবে এটি আত্মহত্যা বলে ধারণা করছে। আত্মহত্যায় প্ররোচনা আছে কিনা সেটিও খতিয়ে দেওয়া হচ্ছে।

পরিবারের বরাত দিয়ে তেজগাঁও শিল্পাঞ্চল থানার উপপরিদর্শক মো. সাইদুর রহমান জানান, রাতের খাবার শেষ করে নিজ কক্ষে যান রাসেল। দরজা ভেতর থেকে লাগানো দেখে রাত সাড়ে ১১টার দিকে পরিবারের অন্য সদস্যরা ডাকাডাকি করেন। দরজা না খোলায় পুলিশকে খবর দেওয়া হয়।

পুলিশ গিয়ে দেখে সিলিংফ্যানের ঝুলছেন রাসেল। পরে লাশ উদ্ধার করে সোহরাওয়ার্দী হাসপাতালে পাঠানো হয়।

এসআই সাইদুর বলেন, — তদন্তের পর এর প্রকৃত কারণ সম্পর্কে জানা যাবে। এ ঘটনায় থানায় মামলা হয়েছে।

রাসেল রচিত জনপ্রিয় গান ‘দিন বাড়ি যায়/ চড়ে পাখির ডানায়’। তার লেখা বেশিরভাগ গানই দলছুট এবং বাপ্পা মজুমদার গেয়েছেন।

রাসেল এক সময় সাংবাদিকতা করতেন। পরে সাংবাদিকতা ছেড়ে বিজ্ঞাপনী সংস্থায় চাকরি নেন। গানের পাশাপাশি অসংখ্য বিজ্ঞাপনের জিংগেলও লিখেছেন তিনি।